

কুরআন ও বাইবেলে আল্লাহর একত্ববাদ

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহ।
বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “কুরআন ও বাইবেলে আল্লাহর একত্ববাদ”।
আল্লাহ এক অদ্বিতীয় এ সম্পর্কে কুরআন ও বাইবেলে (similarities) অভিন্নতা।

পবিত্র কোরআনুল কারীমে আল্লাহ তা’য়লা ইরশাদ করেন:

১। (হে নবী) বলে দাও: তিনি আল্লাহ, তিনি এক ও একক।

قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ﴿١﴾

বল, 'তিনিই আল্লাহ, এক- অদ্বিতীয়, সূরা ইখলাস ১১২ঃ ১

اللَّهُ الصَّمَدُ ﴿٢﴾

'আল্লাহ কাহারও মুখাপেক্ষী নন, সকলেই তাঁহার মুখাপেক্ষী; সূরা ইখলাস ১১২ঃ ১

لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ ﴿٣﴾

'তিনি কাহাকেও জন্ম দেন নাই এবং তাঁহাকেও জন্ম দেওয়া হয় নাই,

وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ ﴿٤﴾

'এবং তাঁহার সমতুল্য কেহই নাই ।'

২। আল্লাহ, নাই কোন ইলাহ (উপাস্য) তিনি ছাড়া।

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ لَا تَأْخُذُهُ سِنَّةٌ وَلَا نَوْمٌ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي
الْأَرْضِ مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلَّا بِإِذْنِهِ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا
يُحِيطُونَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَلَا يَئُودُهُ
حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ ﴿٢٥٥﴾

আল্লাহ, তিনি ব্যতীত কোন ইলাহ নাই । তিনি চিরঞ্জীব, সর্বসত্তার ধারক । তাঁহাকে তন্দ্রা অথবা নিদ্রা
স্পর্শ করে না । আকাশ ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্ত তাঁহারই । কে সে, যে তাঁহার অনুমতি
ব্যতীত তাঁহার নিকট সুপারিশ করিবে? তাহাদের সম্মুখে ও পশ্চাতে যাহা কিছু আছে তাহা তিনি

অবগত । যাহা তিনি ইচ্ছা করেন তদ্ব্যতীত তাঁহার জ্ঞানের কিছুই তাহারা আয়ত্ত করিতে পারে না । তাঁহার 'কুরসী' আকাশ ও পৃথিবীময় পরিব্যাপ্ত; ইহাদের রক্ষণাবেক্ষণ তাঁহাকে ক্লান্ত করে না; আর তিনি মহান, শ্রেষ্ঠ । সূরা আল বাকারা ২ঃ ২৫৫

৩। সমস্ত ক্ষমতার শুধুমাত্র আল্লাহর।

وَمِنَ النَّاسِ مَن يَتَّخِذُ مِن دُونِ اللَّهِ أَنْدَاداً يُحِبُّونَهُمْ كَحُبِّ اللَّهِ وَالَّذِينَ آمَنُوا أَشَدُّ حُبًّا
لِلَّهِ وَلَوْ يَرَى الَّذِينَ ظَلَمُوا إِذْ يَرَوْنَ الْعَذَابَ أَنَّ الْقُوَّةَ لِلَّهِ جَمِيعاً وَأَنَّ اللَّهَ شَدِيدُ الْعَذَابِ
(১৬০)

তথাপি মানুষের মধ্যে কেহ কেহ আল্লাহ্ ছাড়া অপরকে আল্লাহর সমকক্ষরূপে গ্রহণ কওে এবং আল্লাহকে ভালবাসার অনুরূপ তাহাদেরকে ভালবাসে ; কিন্তু যাহারা ঈমান আনিয়াছে আল্লাহর প্রতি ভালবাসায় তাহারা সুদৃঢ় । জালিমরা শাস্তিপ্রত্যক্ষ করিলে যেমন বুঝিবে, হায় ! এখন যদি তাহারা তেমন বুঝিত, সমস্ত শক্তি আল্লাহরই এবং আল্লাহ্ শাস্তি দানে অত্যন্ত কঠোর । সূরা আল বাকারা ২ঃ ১৬৫

বাইবেলে বর্ণনা করা হয়েছে-

মার্ক (Mark) ১২: ২৮ থেকে ৩০

The Lord our God is the only Lord

আমাদের প্রভু সৃষ্টিকর্তা (God) একমাত্র প্রভু

আইনের একজন শিক্ষক প্রশ্ন করলেন: কোন আদেশটি (commandment) সবচেয়ে গুরুত্বপূর্ণ। জেসাস (Jesus) উত্তর দিলেন, “ সবচেয়ে গুরুত্বপূর্ণ আদেশ হচ্ছে, শোনো ইসরায়েল! আমাদের প্রভু সৃষ্টিকর্তা (God) একমাত্র প্রভু। তোমার সমস্ত অন্তর দিয়ে প্রভুকে ভালোবাসো। তোমার আত্মা (Soul) এবং মন (Mind) দিয়ে প্রভুকে ভালোবাসো (ভক্তি-শ্রদ্ধা করো)। তোমার সর্বশক্তি দিয়ে প্রভুকে ভালোবাসো।”

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আহলে কিতাবদের গ্রন্থ তাওরাত ও ইঞ্জিল (Old and new Testament) এবং কোরআনের অভিন্নভাবে উল্লেখ করা হয়েছে, সৃষ্টিকর্তা এক ও একক।

আসুন আমরা এক আল্লাহর উপাসনা করি। তাঁর সাথে অন্য কাউকে শরীক না করি। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াব্বারাকাতুহা